# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ নামায

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কাতারে জায়গা না পেলে একা দাঁড়িয়ে নামায হবে কি?

কাতারে জায়গা না পাওয়ার কথা যদি বাস্তব হয় এবং সঙ্গে দাঁড়াবার মতো কাউকে না পাওয়া যায়, তাহলে একা দাঁড়িয়ে নামায হয়ে যাবে। কাতারের পিছনে একা দাঁড়িয়ে নামায হবে না তখন, যখন সামনের কাতারে জায়গা খালি থাকবে। সুতরাং এটি হবে ব্যাতিক্রমধর্মী ব্যাপার। যেহেতু কাতারে কেউ কাউকে টেনে নেওয়ার হাদীস সহীহ নয়। আর সে টানাতে অনেক নামাযীর নামাযের একাগ্রতায় ব্যাঘাত সৃষ্টি করে। ১৯৮ নাক থেকে রক্ত পড়তে শুরু করলে অথবা উযু নষ্ট হয়ে গেলে তা বাধ্য হয়ে যেতেই হয়। আর তাঁর ফলে সৃষ্ট ব্যাঘাত সামনে থেকে কাউকে টেনে নেওয়ার মতো নয়। যেহেতু একটি ব্যাপার বদলীল এবং অপরটি বেদলীল।

## ফুটনোট

১৯৮ (ইবনে উষাইমীন)

Source — https://www.hadithbd.com/books/link/?id=149

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন